

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১৬.২০১৯/০৫৭০/৫

১১/০৫/১৪২৬বঙ্গাব্দ  
তারিখ: ২৭/০৮/২০১৯খ্রিস্টাব্দ


বিষয়: অতিরিক্ত সেশন ফি আদায়কারী কলেজের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-শিম/মন্ত্রীর দপ্তর/পিআরও/২০১৯/১৭; তারিখ: ১৪/০৭/২০১৯খ্রি.  
(২) অত্র অধিদপ্তরের এইচআরএম শাখার পত্র নং-৩৭.০২.০০০০.১১৬.৪১.০১০.১৭/৭৯; তারিখ: ১৬/০৭/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচআরএম শাখা হতে সূত্রস্থ পত্র মোতাবেক ০৫ জুলাই ২০১৯খ্রি. তারিখে 'দৈনিক মানবজমিন' পত্রিকায় প্রকাশিত সংবাদের বিষয়ে জরুরি ভিত্তিতে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করার জন্য এইচআরএম শাখার উপপরিচালক পত্র প্রেরণ করেছেন।

প্রকাশিত সংবাদের সংক্ষিপ্ত বিবরণ: সেশন ফি'র নামে রীতিমতো ডাকাতি করছে বগুড়ার নামিদামি শিক্ষা প্রতিষ্ঠানগুলো। সরকার নির্ধারিত নীতিমালা কেউই তোয়াক্কা করছে না। এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি ব্যাণ্ডের ছাতার মতো গর্জিয়ে ওঠা প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠানগুলোর দৌরাত্ম সীমা অতিক্রম করেছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে অতিরিক্ত সেশন ফি ছাড়াও বাজার থেকে চারপুনে-পাঁচপুনে বেশি টাকায় এসব প্রতিষ্ঠান থেকে বই, খাতাসহ শিক্ষা উপকরণ বাধ্য হয়ে কিনতে হয়। এমন কি স্কুল ড্রেসও প্রতিষ্ঠান থেকে নিতে হয়। শিক্ষা প্রতিষ্ঠানের এমন ডাকাতি কারবার বন্ধ করতে বগুড়ার সমাজসেবী আব্দুল মান্নান আকন্দ হাইকোর্টের শরণাপন্ন হন। তিনি জনস্বার্থে চলতি বছরের ৩ ফেব্রুয়ারী একটি রিট পিটিশন দায়ের করেন। ঐ রিটের প্রেক্ষিতে ২ জুলাই হাইকোর্টের বিচারক জেবিএম হাসান এবং বিচারপতি মো. খায়রুল আলমের নেতৃত্বাধীন বেঞ্চ মাত্রাতিরিক্ত সেশন ফি গ্রহণকারী বগুড়ার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারি নীতিমালার বাইরে নেয়া বাড়তি টাকা অভিভাবকদের কাছে ফিরিয়ে দিতে হবে মর্মে আদেশ দেন।

এমতাবস্থায়, মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর নির্দেশনা মোতাবেক সারাদেশে যেসব বেসরকারি কলেজ অতিরিক্ত ফি আদায় করছে তাঁদের তালিকা আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে সফট কপি (Email-ahowlader525@gmail.com) এবং হার্ড কপি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৭.০৮.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

উপপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
সকল অঞ্চল

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
- ০২। উপপরিচালক, এইচআরএম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৩। জেলা শিক্ষা অফিসার, সকল।
- ০৪। অধ্যক্ষ, বেসরকারি কলেজ, সকল।
- ০৫। সংরক্ষণ নথি।